

আইন-আদালত

রাজবাড়ীতে মেয়েকে ধর্ষণের দায়ে বাবার যাবজ্জীবন কারাদণ্ড



প্রতিবেদক: রাজবাড়ী প্রতিনিধি

প্রকাশের তারিখ: সোমবার, ০৫ অক্টোবর ২০২৬, ০৭:৩৯ PM



রাজবাড়ীতে মেয়েকে ধর্ষণের মামলায় বাবাকে যাবজ্জীবন কারাদণ্ড দিয়েছেন আদালত। একই সঙ্গে তাকে ৫ লাখ টাকা জরিমানা, অনাদায়ে আরও এক বছরের সশ্রম কারাদণ্ড দেওয়া হয়েছে।

সোমবার দুপুরে রাজবাড়ীর নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনালের বিচারক মো. তৌহিদুল ইসলাম আসামির অনুপস্থিতিতে এ রায় দেন বলে জানান সরকারি কৌঁসুলি জাহিদ উদ্দিন মোল্লা। দণ্ডিত শহীদুল ইসলাম (৪৫) বালিয়াকান্দি উপজেলার বাসিন্দা।

মামলার বরাতে সরকারি কৌঁসুলি বলেন, ২০২১ সালের ২৮ ডিসেম্বর রাতে শহীদুলের স্ত্রী মেয়ের সঙ্গে তার ধস্তাধস্তি দেখতে পান। এ সময় স্ত্রীকে দেখে শহীদুল ঘর থেকে বের হয়ে যান।

পরে মেয়েকে জিজ্ঞাসা করলে সে তার বাবার বিরুদ্ধে প্রায় এক বছর ধরে ধর্ষণের অভিযোগ করে। এ ঘটনায় মেয়েটির মা বালিয়াকান্দি থানায় মামলা করেন।

জাহিদ উদ্দিন মোল্লা বলেন, "দীর্ঘ শুনানি শেষে আদালত এ রায় দিয়েছেন। এ রায়ের মাধ্যমে ন্যায়বিচার প্রতিষ্ঠিত হয়েছে।"

এ বিভাগের আরও খবর



স্ত্রী দাবি করলেই দেনমোহর দিতে হবে: হাইকোর্ট
তালুক কিংবা স্বামীর মৃত্যুর আগ পর্যন্ত দেনমোহরের জন্য স্ত্রীকে অপেক্ষা করতে হবে না। প্রচলিত আইন অনুযায়ী, দেনমোহর স্বামীর ওপর স্ত্রীর তাৎক্ষণিক...



মানবতাবিরোধী অপরাধ: ইনুর ফাঁসি চেয়ে সুপ্রিম কোর্টে রেষ্ট্রপেক্টের আপিল
মানবতাবিরোধী অপরাধের মামলায় জাসদ সভাপতি হাসানুল হক ইনুকে দেওয়া ৩০ বছরের কারাদণ্ডের রায়ের বিরুদ্ধে আপিল করেছে প্রসিকিউশন। আপিলে তার সাজা বাড়ি...



বীর মুক্তিযোদ্ধা মেজর (অব.) আখতারুজ্জামান ১ দিনের রিমান্ডে
হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে লাগেজ ও ট্রলি সংকটকে কেন্দ্র করে বিশৃঙ্খলা সৃষ্টি ও সরকারি কাজে বাধা দেওয়ার অভিযোগে করা মামলায় গ্রেপ্তার...



কলেজছাত্র নাসিম হত্যার দায়ে ৪ জনের মৃত্যুদণ্ড
মৌলভীবাজার সরকারি কলেজের ত্রিগ্র প্রথম বর্ষের শিক্ষার্থী রেজাউল করিম নাসিমকে হত্যার দায়ে ৪ জনকে মৃত্যুদণ্ড দিয়েছেন
জেলা দায়রা জজ আদালত। এ ছাড়া....

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: <https://dhakaprobe.com/law-court/rajbarite-meyeke-dhrshner-daye-babar-jabjibn-karadnd>